# NYC পাবলিক স্কুলগুলোতে কী কী ঘটছে

Shiko këtë dokument në shqip | اعرض هذه الوثيقة باللغة العربية | এই নথিটি বাংলা ভাষায় দেখুন
Consultez ce document en français | Gade dokiman sa a an kreyòl ayisyen | 查看本文件的中文版
이 문서를 한국어로 보십시오 | Consulte este documento en español | Документ на русском языке
اس دستاویز کو اردو میں ملاحظہ کریں | Переглянути цей документ українською мовою | Ushbu hujjatni ichida ko'ring O'zbek

**schools.nyc.gov/MessagesForFamilies**

## অক্টোবর 2025

NYC পাবলিক স্কুলস্-এর (NYCPS) এই সর্বসাম্প্রতিক তথ্যে রয়েছে 2025-26 শিক্ষা বছরের ক্যালেন্ডারের গুরুত্বপূর্ণ আসন্ন তারিখসমূহ, আসন্ন ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত তথ্য, প্যারেন্ট-টিচার কনফারেন্স, দূর থেকে শিক্ষার (রিমোট লার্নিং) জন্য প্রস্তুতি গ্রহণ, টিকাদানের (ভ্যাকসিনেশন) শর্তাবলী, এবং নতুন ইলেক্ট্রনিক ডিভাইস সংক্রান্ত নীতি।

---

## বিষয়সূচি


- আসন্ন গুরুত্বপূর্ণ তারিখসমূহ
- 2026 হাই স্কুলে ভর্তির প্রক্রিয়া
- 2026 মিডল্ স্কুলে ভর্তির প্রক্রিয়া
- নতুন সেল ফোন এবং ইলেক্ট্রনিক ডিভাইস ব্যবহার সংক্রান্ত নীতির অনুস্মারক
- নভেম্বরের প্যারেন্ট-টিচার কনফারেন্সসমূহ
- দূর থেকে শিক্ষার (রিমোট লার্নিং) জন্য প্রস্তুতি গ্রহণ
- আপনার সন্তানের টিকা (ভ্যাকসিনেশন) হালনাগাদ রাখুন।
- NYC পাবলিক স্কুলস্-এর খবরাখবর দেখুন


---

## আসন্ন গুরুত্বপূর্ণ তারিখসমূহ

- 2 **অক্টোবর:** ইয়ম কিপুর, স্কুল বন্ধ
- 13 **অক্টোবর:** ইটালিয়ান ঐতিহ্য দিবস (হেরিটেজ ডে)/ইনডিজিনাস্ পিপলস্ ডে (আদিবাসী দিবস), স্কুল বন্ধ
- 20 **অক্টোবর:** দিওয়ালি, স্কুল বন্ধ
- 4 **নভেম্বর:** ইলেকশন ডে বা নির্বাচন দিবস, NYCPS শিক্ষার্থীদের জন্য ক্লাস ছুটি
- 6 **নভেম্বর:** এলিমেন্টারি স্কুলগুলোর জন্য বৈকালিক/সান্ধ্যকালীন প্যারেন্ট-টিচার কনফারেন্স (PTC)*
- 11 **নভেম্বর:** ভেটেরান্স ডে, স্কুল বন্ধ
- 13 **নভেম্বর:** মিডল্ স্কুল এবং D75 স্কুলগুলোর জন্য বৈকালিক/সান্ধ্যকালীন PTC*
- 20 **নভেম্বর:** হাই স্কুল, K-12, এবং 6-12 স্কুলগুলোর জন্য সান্ধ্যকালীন PTC
- 21 **নভেম্বর:** হাই স্কুল, K-12, এবং 6-12 স্কুলগুলোর জন্য বিকেলের PTC*

*এই স্কুলগুলোতে শিক্ষার্থীদেরকে তিন ঘণ্টা আগে ছুটি দেয়া হয়

---

## 2026 হাই স্কুলে ভর্তির প্রক্রিয়া

**7 অক্টোবর থেকে শুরু করে, বর্তমান অষ্টম গ্রেডের এবং প্রথমবারের মতো নবম গ্রেডের শিক্ষার্থীরা এই বছরের NYCPS-এর হাই স্কুলে ভর্তির আবেদন প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারে।**

2026-এর ফল (হেমন্ত) হাই স্কুলে ভর্তির আবেদন শেষ হবে **বুধবার, 3 ডিসেম্বর**। আরও জানতে **schools.nyc.gov/HS** দেখুন।

## ডিজিটাল স্পেশালাইজড হাই স্কুল অ্যাডমিশন টেস্ট (SHSAT)

এই হেমন্তে (ফল), SHSAT—NYC-এর আটটি পরীক্ষা গ্রহণকারী স্পেশালাইজড্ হাই স্কুলের ভর্তির জন্য আবশ্যক প্রবেশিকা পরীক্ষা—প্রথমবারের মতো ডিজিটালভাবে পরিচালিত হবে। নভেম্বরে অনুষ্ঠিতব্য SHSAT দিতে ইচ্ছুক শিক্ষার্থীদেরকে অবশ্যই **7 অক্টোবর** থেকে **31 অক্টোবরের** মধ্যে পরীক্ষার জন্য রেজিস্টার করতে হবে। কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় রূপান্তর সম্পর্কে আরও জানতে এবং অনুশীলন উপকরণ পেতে **schools.nyc.gov/SHSAT** দেখুন। স্পেশালাইজড্ হাই স্কুলগুলোতে ভর্তি সম্পর্কে আরও তথ্যের জন্য **schools.nyc.gov/SHS** দেখুন।

---

## 2026 মিডল্ স্কুলে ভর্তির প্রক্রিয়া

**বুধবার, 15 অক্টোবর** থেকে শুরু করে, বর্তমান পঞ্চম গ্রেডের শিক্ষার্থীরা (K–6 এলিমেন্টারি স্কুলগুলোর জন্য, ষষ্ঠ গ্রেডের শিক্ষার্থীরা) 2026-এর ফল (হেমন্ত) মিডল্ স্কুলের ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারে। 2026-এর ফল (হেমন্ত) মিডল্ স্কুলে ভর্তির আবেদন শেষ হবে **শুক্রবার, 12 ডিসেম্বর**। আরও জানতে **schools.nyc.gov/MS** দেখুন।

---

## নতুন সেল ফোন এবং ইলেক্ট্রনিক ডিভাইস ব্যবহার সংক্রান্ত নীতির অনুস্মারক

মনে রাখবেন: নিউ ইয়র্ক স্টেটের আইন অনুযায়ী, এই শিক্ষা বছর থেকে শুরু করে, শিক্ষার্থীরা স্কুল দিবসে তাদের সেল ফোন এবং অন্যান্য ব্যক্তিগত ইন্টারনেট-সক্ষম ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করতে পারবে না। এই ডিভাইসগুলো অবশ্যই লকার অথবা ম্যাগনেটিক পাউচের মতো কোথাও সংরক্ষণ করতে হবে। ডিভাইস সংরক্ষণ সম্পর্কিত আপনার স্কুলের নীতি আপনার জানা আছে এবং অনুসরণ করছেন তা নিশ্চিত করুন। আরও জানতে এবং বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলীর উত্তরের জন্য **schools.nyc.gov/DevicePolicy** দেখুন।

---

## 2025 নভেম্বর প্যারেন্ট-টিচার কনফারেন্স

এই বছর প্যারেন্ট-টিচার কনফারেন্সগুলোর (PTC) দ্বিতীয় দফা শুরু হবে **বৃহস্পতিবার, 6 নভেম্বর**। 2025-26 সালে PTC-গুলো দূর থেকে (রিমোট) পরিচালিত হবে, তবে স্কুলগুলো অনুরোধের ভিত্তিতে সশরীরে অংশগ্রহণের কনফারেন্সের আয়োজন করতে পারে। **অনুগ্রহ করে মনে রাখবেন যে** তারিখ এবং সময় স্কুল এবং গ্রেড স্তরের উপর নির্ভর করে পরিবর্তিত হতে পারে—আপনার সন্তানের PTC সময়সূচি নিশ্চিত করতে এবং আপনার মিটিং ধার্য করতে তার স্কুলের সাথে কথা বলুন। পরামর্শ এবং পথ-নির্দেশনার জন্য **schools.nyc.gov/ptc** দেখুন।

---

## দূর থেকে শিক্ষার (রিমোট লার্নিং) জন্য প্রস্তুতি গ্রহণ

জরুরী পরিস্থিতির কারণে যদি NYCPS স্কুল বিল্ডিংগুলো বন্ধ থাকে, তবে K–12 গ্রেডের সকল শিক্ষার্থী দূর থেকে বা রিমোটভাবে ক্লাসে উপস্থিত হবে। আপনার সন্তানের একটি কার্যকর, ইন্টারনেট-সংযুক্ত ডিভাইস আছে তা নিশ্চিত করুন। আপনার যদি একটি NYCPS-থেকে ধারকৃত ডিভাইসের প্রয়োজন হয়, তবে **এখনই** সরাসরি আপনার স্কুলের সাথে যোগাযোগ করুন; বিল্ডিং বন্ধ হবার জন্য অপেক্ষা করবেন না। আপনার ধারকৃত ডিভাইস কীভাবে ব্যবহার করবেন তা জানতে **schools.nyc.gov/NYCPSdevices** দেখুন।

শিক্ষার্থীদের দূর থেকে শিক্ষার (রিমোট লার্নিং) জন্য তাদের NYCPS স্টুডেন্ট অ্যাকাউন্ট (**schools.nyc.gov/StudentAccounts**) ব্যবহার করার প্রয়োজন হবে। লগ ইন করতে সহায়তা পেতে, **selfservice.schools.nyc** দেখুন অথবা আপনার স্কুলকে জিজ্ঞাসা করুন। আরও জানতে **schools.nyc.gov/DigitalLearning** দেখুন।

---

## আপনার সন্তানের টিকা গ্রহণ (ভ্যাকসিনেশন) হালনাগাদ রাখুন।

স্কুলে অংশগ্রহণের জন্য 2 মাস থেকে 18 বছর বয়সী সকল NYCPS শিক্ষার্থীদেরকে অবশ্যই উভয় স্টেট এবং সিটির টিকাদানের শর্তাবলী পূরণ করতে হবে। **schools.nyc.gov/immunization**-এ গ্রেড অনুসারে ভ্যাকসিনের শর্তাবলী পর্যালোচনা করুন এবং আরও জানতে আপনার সন্তানের স্বাস্থ্য সেবা প্রদানকারীর সাথে কথা বলুন। আপনি **pndslookup.health.ny.gov** -এ আপনার পরিবারের চাহিদা পূরণ করবে এমন পরিষেবা প্রদানকারী খুঁজে পেতে পারেন।

---

## NYC পাবলিক স্কুলস্-এর খবরাখবর দেখুন

**schools.nyc.gov/MorningBell**-এ দ্যা মর্নিং বেল ব্লগ বুকমার্ক করুন এবং NYC পরিবারদের জন্য সর্বসাম্প্রতিক খবর এবং তথ্য-সংস্থানের জন্য ফেসবুক, ইন্সটাগ্রাম, X এবং ইউটিউব-এ @NYCSchools অনুসরণ করতে ভুলবেন না!